

যুগান্তর

ছাত্র ইউনিয়নের নেতাদের ওপর হামলার অভিযোগ ছাত্রলীগের বিরুদ্ধে

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৪ ডিসেম্বর ২০২৩, ১৯:০৯:১২ | [অনলাইন সংস্করণ](#)



ছাত্র ইউনিয়নের নেতাদের ওপর হামলা চালানোর অভিযোগ পাওয়া গেছে ছাত্রলীগের বিরুদ্ধে। হামলায় ছাত্র ইউনিয়নের ৪ নেতা আহত হয়েছেন।

বৃহস্পতিবার দুপুরে টিএসসি ও শাহবাগ এলাকায় এ হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্র ইউনিয়নের সভাপতি মেঘমল্লার বসু, সাধারণ সম্পাদক মঈন আহমেদ, ঢাকা মহানগর শাখার সহ-সাধারণ সম্পাদক শুভ্র ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নেতা শাহরিয়ার শিহাব।

হামলার বিষয়ে ঢাবি ছাত্র ইউনিয়নের দপ্তর সম্পাদক নিনাদ খান অভিযোগ করে বলেন, ‘আমরা শহীদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে টিএসসিতে একত্রিত হয়েছিলাম। সেখান থেকে ফেরার পথে আমাদেরকে খুঁজে খুঁজে বিভিন্ন জায়গায় হামলা চালিয়েছে ছাত্রলীগের নেতাকর্মীরা।’

তবে ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত বলেন, ‘মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ভাঙচুর করায় ছাত্র ইউনিয়নের ওপর সাধারণ শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়েছে। তাদের নিরাপত্তা দেওয়া তো আমাদের পক্ষে সম্ভব নয়। ওই ঘটনার জন্য তাদের ক্ষমা চাওয়া উচিত।’

জানা গেছে, রাজু ভাস্কর্যের সামনে প্রধানমন্ত্রীর ছবি সংবলিত মেট্রোরেলের অস্থায়ী প্রতিকৃতি রাখা নিয়ে সম্প্রতি ছাত্রলীগ ও ছাত্র ইউনিয়ন নেতাদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। মেট্রোরেলের ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনের উদ্বোধন সামনে রেখে গত মাসে ওই প্রতিকৃতি রাখা হয়। এতে রাজু ভাস্কর্য আড়ালে চলে যাওয়ায় ছাত্রলীগকে সেটি সরিয়ে নেওয়ার কথা বলে ছাত্র ইউনিয়ন। এর মধ্যে গত মঙ্গলবার সন্ধ্যায় বামপন্থী ছাত্রসংগঠনগুলোর মোর্চা গণতান্ত্রিক ছাত্রজোটের উদ্যোগে ক্যাম্পাসে মশাল মিছিল হয়। মিছিল শেষে সমাবেশ করতে রাজু ভাস্কর্যের সামনে এলে বাম সংগঠনগুলোর নেতাকর্মীদের কয়েকজন প্রধানমন্ত্রীর ছবিসংবলিত মেট্রোরেলের অস্থায়ী প্রতিকৃতি ভাঙচুর করেন।

প্রতিকৃতি ভাঙচুরের পরপরই বাম সংগঠনগুলোর নেতাকর্মীদের ওপর হামলা করার অভিযোগ উঠে ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। এরপর ছাত্রলীগের নেতাকর্মীরা টিএসসিতে বিক্ষোভ করেন। পরে রাজু ভাস্কর্য কালো কাপড়ে ঢেকে দেয় ছাত্রলীগ।

এদিকে মেট্রোরেলের স্টেশন উদ্বোধন উপলক্ষ্যে সরকারকে ধন্যবাদ জানিয়ে রাজু ভাস্কর্যের সামনে ছাত্রলীগের টানানো ব্যানার ছিঁড়ে ফেলা হয় আজ (বৃহস্পতিবার)। তখন রাজু ভাস্কর্যের কাছে বামপন্থী এক শিক্ষার্থী অবস্থান করছিলেন। ছাত্রলীগের দাবি, বামপন্থী নেতাই শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে টানানো ব্যানার ছিঁড়ে ফেলেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

